20 DEC 1989

তারিখ 20 DEC 1989 ... ৬ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

দৈনিক ইত্তেফাক 15

প্রাথমিক বিদ্যালয় ও সরকারী-বেসরকারী ভবন

# সংস্কারের অভাবে ধসিয়া পড়ার আশঙ্কা

বিভিন্ন স্থানে বেশ কয়েকটি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য অফিস আদালত সংস্কারের অভাবে ধসিয়া পড়ার আশঙ্কা দেখা দিয়াছে বলিয়া ইত্তেফাকের তিনজন সংবাদদাতা জানান।

**বাগেরহাট** মোরেলগঞ্জ উপজেলার উত্তর বলুইবুনিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়টি সংস্কারের অভাবে ধসিয়া পড়িবার উপক্রম হইয়াছে। এই কারণে ৪টি কক্ষের দুইটিতে ছাত্র-ছাত্রীদের ক্লাস চলিতেছে। ১৯৪৮ সালে স্থাপিত এই সরকারী প্রাথমিক বিদ্যালয়টি এতদঞ্চলের বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষার আলো বিস্তার করিয়া চলিলেও বর্তমানে সংস্কারের অভাবে ভবনটি বিপজ্জনক হইয়া পড়িয়াছে। স্থানাভাবে বর্তমানে দুই শিফটে ক্লাস চালান হইতেছে। বর্ষার দিনে দুই কক্ষেও ক্লাস নেওয়া বন্ধ থাকে।

**লালমনিরহাট :** কুর্শামারী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি সংস্কারের অভাবে ব্যবহারের অযোগ্য হইয়া পড়িয়াছে। যে কোন মুহূর্তে ছাদ ধসিয়া পড়িবার আশঙ্কায় ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-কর্মচারীরা ঘরের বাহিরে খোলা আকাশের নীচে পড়াশুনা ও কাজকর্ম করিতেছে। জানা গিয়াছে, লালমনিরহাট সদর উপজেলার গোকুণ্ডা ইউনিয়নের এই বিদ্যালয়টি প্রায় ২০ বৎসর পূর্বে নির্মাণ করা হয়। দীর্ঘদিন সংস্কারের অভাবে বর্তমানে বিদ্যালয়টির বিভিন্ন দেওয়ালও ছাদ ধসিয়া পড়িবার উপক্রম হইয়াছে।

**নবাবগঞ্জ (ঢাকা) :** নবাবগঞ্জ, দোহার ও কেরানীগঞ্জ উপজেলার বেশ কয়েকটি সরকারী ও বেসরকারী ভবনে ফাটল ধরিয়াছে। যে কোন সময় ধসিয়া পড়িতে পারে। বৃটিশ আমলে নির্মিত নবাবগঞ্জ উপজেলা, সাব-রেজিষ্ট্রি অফিসের করুণ অবস্থা। ৭০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত নবাবগঞ্জ থানা ভবনের অবস্থা শোচনীয়। থানার ভবনের প্লাষ্টার খসিয়া ও মেঝে দাবিয়া ফাটল ধরিয়াছে। থানা বাসভবনের অবস্থাও করুণ। নবাবগঞ্জে বান্দুরা সুপার মার্কেটের বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়াছে। সরকারী এই মার্কেটটি পুনঃ মেরামতের কোন উদ্যোগ নাই। আগলা মহাকবি কায়কোবাদ বালিকা বিদ্যালয় ভবনটির অবস্থা খারাপ। দীর্ঘ দিনের পুরাতন একটি বাড়ীতে স্কুল চলিয়া আসিতেছে। যে কোন সময় উহা ধসিয়া পড়ার আশঙ্কা রহিয়াছে। দোহারে ১২টি ও কেরানীগঞ্জে ১৮টি প্রাথমিক বিদ্যালয়ের খুবই করুণ অবস্থা। যে কোন সময় স্কুল ঘরগুলি ধসিয়া পড়িতে পারে। কেরানীগঞ্জে কয়েকটি ইউনিয়ন পরিষদ ও বীজাগার অফিসে ফাটল দেখা দিয়াছে। নবাবগঞ্জ উপজেলায় পরিষদ ভবনে ফাটল ধরিয়া প্লাষ্টার খসিয়া পড়িতেছে।